## বিধান মার্কেটের ব্যবসায়ীদের সমস্যা সমাধানের আশ্বাস দিয়ে ভোট প্রচার শুরু করলেন সৌরভ চক্রবর্তী

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৮ এপ্রিল : বিধান মার্কেটের ব্যবসায়ীদের সমস্যা সমাধানের আশ্বাস দিয়ে ভোট প্রচার শুরু করলেন শিলিগুড়ি জলপাইগুড়ি



উন্নয়ন পর্যদের চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহারের প্রচার সেয়ে শিলিগুড়িতে তৃণমূল প্রাণীর সমর্থনে প্রচার শুরু করলেন তিনি। মালিকানার দাবি নিয়ে দীর্ঘদিন ধরেই আন্দোলন সংগঠিত করে চলেছে শিলিগুড়ি বিধান মার্কেটে বাবসারী সমিতি। আন্দোলনের একাধিক পন্থা অবলম্বন করেও হয়নি তাদের দাবি পূরন। কিছু দিন আগেও ব্যবসায়ীদের দাবি পূরণ নিয়ে কয়েককোশে বাইক শহরের রাজপথ দিয়ে মিছিল করে এনজ্জেডিএ অভিযান করে। তখনও নিলেছিল আশ্বাস। এবার নির্বাচন ফুরালেই ফের ব্যবসায়ীদের দাবিকে মান্যতা দেওয়া হবে বলেই জানানো হচ্ছে তৃণমূল নেতা সৌরভ চক্রবর্তী। বৃহস্পতিবার ভোট প্রচারে শুরুতেই বিধান মার্কের বাবসারী সমিতির সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। তাদের ভোট দেওয়ার আবেদন জানান। পরবর্তীতে তিনি জানান, বাবসারীদের সমস্যা সমাধান একমাত্র তারাই করতে পারবেন। সেই কারণে তাদের প্রাণীকে ভোট দিয়ে জেতানোর আহ্বান জানান।

## শীতলকুচিতো অস্ত্র হাতে দাপাদাপি, দৃষ্ট্তী পাকড়াও

দূরন্ত বার্তা, কোচবিহার, ১৮ এপ্রিল : ভোটের আগে কোচবিহারের শীতলকুচিতো ডাইরাল হল দৃষ্ট্তীদের অস্ত্র হাতে দাপাদাপি ভিডিও এর জেরে ভোটদিারদের ভয় দেখানোর অভিযোগ জানিয়েছে বিজেপি। বিজেপির দাবি, বুধবার রাতে শীতলকুচির শ্রীপুকুর এলাকায় অস্ত্র নিয়ে ঘোরাঘুরি করছিল ৩ যুেক। তাদের একজনকে ধরে শীতলকুচি থানার পুলিশের হাতে তুলে দেন বিজেপি কর্মীরা। বাকি দু’জন পালিয়ে যায় বলে দাবি। বিজেপির অভিযোগ, ভোটের আগে তৃণমূল যোগ দিয়েছেন ৬ সিপিএম পঞ্চায়েত সদস্য দাবী তৃণমূলের। ভয় দেখিয়ে প্রলোভন দেখিয়ে দলবদল করানো হচ্ছে পাষ্টা দাবি সিপিএমের। দলবদলে পুলিশ প্রেফতার করেছে। শক্তিপুর থানার ওসি-সহ তিনজন পুলিশ কর্মী আহত হয়েছে। শক্তিপুর জুড়ে ১৪৪ ধারা। এলাকার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য দু-কোম্পানি সেন্ট্রাল ফোর্স মোতায়েন করা হয়েছে।

| PWD (GOVT OF WB) TENDER NOTICE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |  |
|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--|
| Executive Engineer, Hooghly Electrical Division, P.W.Dte. invites Short notice Quotation for the work of ‘Arrangement of Temporary Electrical Installation work, hiring of DG set with fuel and engagement of manpower for 30 days in respect to the Infrastructure facility to be provided at 09 nos accommodation centers under the jurisdiction of the Hooghly Rural Police District for advance CAPF Coys. to be deployed in ensuing Parliamentary Election-2024” <b>NIQ No.- WBPWD/EE/ HED/NIQ-04 of 2024-25.</b> Bid submission closing date: <b>22/04/ 2024 upto 02.30 P.M.</b> Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from <span> </span> : <b>http://wbtdenders.gov.in</b> |  |
| <b>Sd/- Executive Engineer, P.W.Dte. Hooghly Electrical Division</b>                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |  |

| PWD (GOVT OF WB) TENDER NOTICE                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                |  |
|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--|
| Executive Engineer, Hooghly Electrical Division, P.W.Dte. invites Short notice Quotation for the work of ‘Arrangement of Temporary Electrical Installation work, hiring of DG set with fuel and engagement of manpower for 45 days in respect to the Infrastructure facility to be provided at 01 no(Chandur high school) accommodation centers under the jurisdiction of the Hooghly Rural Police District for advance CAPF Coys. to be deployed in ensuing Parliamentary Election-2024” <b>NIQ No.- WBPWD/EE/HED/NIQ-03 of 2024-25.</b> Bid submission closing date: <b>22/04/2024 upto 02.30 P.M.</b> Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from <span> </span> : <b>http://wbtdenders.gov.in</b> |  |
| <b>Sd/- Executive Engineer, P.W.Dte. Hooghly Electrical Division</b>                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                          |  |

| Public Notice TO WHOMSOEVER IT MAY CONCERN                                                                                                                                                                                                                                                                                                                                                                              |                                                     |          |                                                                        |                        |
|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------|----------|------------------------------------------------------------------------|------------------------|
| This is to inform the General Public that following share certificate of Bata India Ltd. having its Registered Office at 27B, Camac Street, 1st Floor, Kolkata, West Bengal - 700016 registered in the name of the following Shareholder/s have been lost by them.                                                                                                                                                      |                                                     |          |                                                                        |                        |
| Sr. No                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  | Name of Shareholder/s                               | Folio No | Certificate No.(s)                                                     | Distinctive Numbers    |
| 1                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       | Rezoo Shamoon Karachiwala and Azra Yufus Goraiawala | 0061746  | 725102                                                                 | 127469839 to 127470548 |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |                                                     |          |                                                                        | No. of Shares 710      |
| The Public are hereby cautioned against purchasing or dealing in any way with the above referred share certificates.                                                                                                                                                                                                                                                                                                    |                                                     |          |                                                                        |                        |
| Any person who has any claim in respect of the said share certificate/s should lodge such claim with the Company or its Registrar and Transfer Agents Link Intime India Private Limited 247 Park, C-101, 1st Floor, L. B. S. Marg, Vikroi (W) Mumbai-400083 within 15 days of publication of this notice after which no claim will be entertained and the Company shall proceed to issue Duplicate Share Certificate/s. |                                                     |          |                                                                        |                        |
| Place: Mumbai                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           |                                                     |          | Name of Legal Claimant.                                                |                        |
| Date <span> </span> : 19/04/2024                                                                                                                                                                                                                                                                                                                                                                                        |                                                     |          | Rezoo James Joseph Nee Rezoo Shamoon Karachiwala Azra Yusuf Goraiawala |                        |





বিশ্ব ঐতিহ্য দিবসে দক্ষিণ পূর্ব রেলের সদর দফতর গার্ডেন রিতে ১৮.০৪.২০২৪ তারিখে অনিল কুমার মিশ্র, জেনারেল ম্যানেজার, দক্ষিণ পূর্ব রেলওয়ে এবং প্রধান অতিথি বক্তা শ্রী অঞ্জন মিত্রকে একটি স্মারক উপহার দিচ্ছেন।

## মৃতদেহ আটকে রেখে অভিযুক্তের ফাঁসির দাবিতে বিক্ষোভ মোথাবাড়িতে

দুরন্ত বার্তা, মালদা, ১৮ এপ্রিল : গ্রামের বিদ্যুতের পোলের ট্রান্সফরমার হ্যান্ডেল নামিয়ে দেওয়ার অপরাধে এক মানসিক অবসাদগ্রস্ত যুবককে বেধড়ক পিটিয়ে ছিল দুই গ্রামবাসী। ঘটনার এক সপ্তাহ ধরে মালদা মেডিকেল কলেজে চিকিৎসাধীন ওই যুবকের আজ মৃত্যু হয়েছে। এই মৃত্যুকে ঘিরে মোথাবাড়ির বাবলা কমলপুরে উত্তেজনা সৃষ্টি হয়। মৃত যুবকের নাম সানি মমিন। বয়স ৬৪ বছর। যুবকটি মানসিক প্রতিবন্ধী থাকায় এই ঘটনায় বাবলা কমলপুর এলাকায় চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। এদিন গ্রামবাসী মৃতদেহটি রাস্তায় ফেলে রেখে পথ অবরোধ করে ও উপর আসে অপরাধীর গ্রেপ্তারের দাবি জানায়। প্রশ্ন উঠেছে বিদ্যুৎ দপ্তরের তুমিকা নিয়ে। বাবলা সহ মোথাবাড়ির বিভিন্ন এলাকায় বিদ্যুতের ট্রান্সফরমার গুলি অসুরক্ষিত অবস্থায় পড়ে থাকে। গভীর রাতে প্রচণ্ড গরমে অনেকে হ্যান্ডেল নামিয়ে দিলে গ্রামবাসীদের অসহ্য গরমে সারারাত কাটতে হয়। এরকমই কমলপুর এলাকায় এক মানসিক ভারসাম্য হীন ছেলে সানি মোমিন গত ৯ এপ্রিল রাত ১২ টায় বিদ্যুৎ পোলে ট্রান্সফরমার হেণ্ডেল নামিয়ে দেয়। ফলে বাবলা কমলপুর এলাকায় বিদ্যুৎ চলে যায়। ঘটনা খানেক পর সানির পরিবার বিষয়টি জ্ঞাতে পেড়ে হ্যান্ডেল উঠিয়ে দেয়। সানি মোমিনের পরিবারের অভিযোগ গ্রামের জরজিস ও গুলজার মোমিন লাঠি দিয়ে সানির মাথায় আঘাত করে। সানিকে নয় তারিখ মালদা মেডিকেল কলেজে ভর্তি করা হলে দীর্ঘ ৯ দিন চিকিৎসার পর আজ মারা যায়। এই ঘটনায় মৃতের পরিবার স্থানীয় জরজিস ও গুলজার মোমিনের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছে। সানির পরিবার এই ঘটনায় অভিযুক্ত দুইজনের পরিবারের সকলের ফাঁসির দাবি জানিয়েছে। গোটা বিষয়টি নিয়ে তদন্ত নেমেছে মোথাবাড়ি থানার পুলিশ।

## অভিজিত গঙ্গোপাধ্যায়কে ‘গো ব্যাক’ স্লোগান দিয়ে পোস্টার

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ১৮ এপ্রিল : তপ্ত বাংলায় ভোট ময়দানে প্রচার চলছে জোরকদমে। তার মাঝেই তমলুক লোকসভা যেন জমজমাট।



এই প্রচার অভিযানের মধ্যেই ময়না বাজার সহ এলাকায় পড়ল প্রাক্তন বিচারপতি তথা বিজেপি প্রাণী অভিজিত গঙ্গোপাধ্যায় নামে পোস্টার। বিচারপতি নামে কলঙ্ক অভিজিত গঙ্গোপাধ্যায় ‘গো ব্যাক’ পোস্টার। যা নিয়ে শুরু হয়ে রাজনৈতিক টানাপোড়নে। তমলুকের পর এবার ময়নায় পাল অভিজিতের নামে পোস্টার। রাননবমীর বিকাল থেকেই ময়নার বালহিপাড়া এলাকার বিভিন্ন গাছে এরকম পোস্টার লক্ষ্য করা যায়। পোস্টারে লেখা ‘বিচারপতি কলঙ্ক অভিজিত গঙ্গোপাধ্যায় গো ব্যাক’। যে পোস্টার ঘিরে শুরু হয়েছে বিতর্ক। তৃণমূল প্রাণী দেববাণ্ড ভট্টাচার্য্য বলেন, মানুষ তাকে পছন্দ করছেন না। তাই এরকম পোস্টার দেওয়া রয়েছে। তার ক্রেডিট হচ্ছে হাজার হাজার মানুষের চাকরি খাওয়া। তমলুকের মানুষ শিক্ষিত তাই তমলুকের মানুষ এগুলো মেনে নেবেন না। অপরদিকে ভক্তন বিচারপতির নামে এই পোস্টার পড়াকে কটাক্ষ করতে ছাডেনি সিপিআইএম। সিপিএম প্রাণী সায়ন বন্দ্যোপাধ্যায় বলেন, এই ব্যাপারটাকে গুরুত্ব দিচ্ছি না। তমলুকের মানুষকে একটু বলতে বলুন অভিজিত গঙ্গোপাধ্যায় কত কিলোমিটার রাস্তা হেঁটেছেন?’ যদিও এই নিয়ে অভিজিত গঙ্গোপাধ্যায়ের বক্তব্য, ভগবান হলেই দক্ষিণ, কিন্তু ওসব ইমোশনাল কথাবার্তা। আমি চাকরিপ্রার্থীরে কথা শুনেছিলাম। যা সঠিক মনে হয়েছেি বলছি। এই পর্যন্ত। অনেক চোর আজ জেলে। বিচারপতি পদে থাকাকালীন অভিজিত গঙ্গোপাধ্যায়ের একটি নির্দেশে বাংলার অস্তান্ত সচা ফেলেছে। আন্দোলনরত চাকরিপ্রার্থীদের অনেকেই তাকে ‘ভগবান’ অ্যাখ্যা দিয়েছিলেন। বিচারপতি পদ ছাড়ার পর তাঁরাও কিছুটা হতাশ হয়েছিলেন।

## নাম না করে অমিত শাহের বিরুদ্ধে তোপ অভিনেকের

দুরন্ত বার্তা, বর্ধমান, ১৮ এপ্রিল : ইডির সর্বপ্রথম উচিত বিজেপির সর্বভারতীয় সভাপতি কে এরেষ্ট করা। কেজরিওয়াল না হয় জেলে বসে আম খাচ্ছেন, কিন্তু বিজেপির সর্বভারতীয় সভাপতি বাড়িতে বসে আম খাচ্ছেন। কারন যে ১০০ কোটি টাকার স্ক্যাম বলা হচ্ছে তার ৫৫ কোটি টাকা তো ইলেক্ট্রোাল বস্তের মাধ্যমে বিজেপিকেই দেওয়া হয়েছে। কেজরিওয়াল যদি জেলে থাকে তাহলে বিজেপির সর্বভারতীয় সভাপতি কেন জেলে থাকবে না? বৃহস্পতিবার বর্ধমান পূর্ব লোকসভার তৃণমূল প্রাণী ডাঃ শর্মিলা সরকারের সমর্থনে পূর্ব বর্ধমান জেলার কালনার মধুন একারার একটি অনুষ্ঠান হলে কমী সভা করে সাংবাদিক সম্মেলনে বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহের বিরুদ্ধে নাম না করে এক হাত নিলেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন তিনি বলেন আগামী নির্বাচনের রথ ফলন ঘোষণা হবে বর্ধমান পূর্বে ব্যবধান গত নির্বাচনে তুলনায়ও বাড়বে। সাতটা বিধানসভাতে নিরঙ্কুশ মানুষের সমর্থন নিয়ে ভালো ফল করবে। সুজয় কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বর মা্যচ হওয়া প্রসঙ্গে অভিষেক বলেন, ইডি আদালতে যাবে সেখানে আমার তো কিছু বলার নেই। ভয়েস প্রক্লিং টা যার সাথে তাকে এরেষ্ট করেছে? তাকে তো অ্যারেষ্ট করেনি যার সাথে কথা। তাকে এরেষ্ট করেছে কি? এঁতোতা ইডি বলতে পারবে আমি তো ইডিতে চাকরি করি না। অধীর চৌধুরীর প্রসঙ্গে এদিন তিনি বলেন, “হতসার বহিঃপ্রকাশ”। এদিন তিনি বলেন, প্রধানমন্ত্রী যে ইলেকট্রোলাল বস্তের কথা বলতে তার জন্য ইলেক্ট্রোলাল বস্তের প্রয়োজন নেই, তার জন্য ঢেকের মাধ্যমে, আরটিজিএসের মাধ্যমে টাকা দিয়ে যেতে পারতো। চার তারিখে ফল ঘোষণার হবে, কার সাথে মানুষ রয়েছে তা প্রমাণ হয়ে যাবে।

# ত্রিপুরায় লাইসেন্স প্রাপ্ত বিলাতি মদের দোকানে আবগারি হানা, ২৪০০ বোতল বিয়ার বাজেয়াপ্ত

বিলোনিয়া (ত্রিপুরা), ১৮ এপ্রিল : দক্ষিণ জেলা সদরে এভাবে দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া আবগারি দপ্তরের আধিকারিকদের হানা বনকর বিলাতি মদের কাউন্টারে। এই হানায় ৮১ কাটুন বিয়ার বাজেয়াপ্ত হয়েছে কাউন্টার সংলগ্ন সিঁড়ির ঘর থেকে। হঠাৎ খাকি পোশাক পরিহিত আবগারি দফতরের কর্মীদের দেখে বনকর বাজারের ব্যবসায়ীরা হতবাক। কারণ

## কাঁথিতে বাসে তল্লাশি চালিয়ে উদ্ধার গাঁজা, আটক ব্যক্তি

দুরন্ত বার্তা, কাঁথি, ১৮ এপ্রিল : কাঁথিতে বাসে তল্লাশি চালিয়ে প্রায় ৬৮ কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ। আটক বাস এক ব্যক্তি। গোপন সূত্রে খবর পেয়ে কাঁথি থানার পুলিশ একটি বাসে হানা দেয়। বৃহস্পতিবার সকালে কাঁথি থানার পুলিশ আধিকারিক এসএসআই প্রণব বেরার নেতৃত্ব পুলিশ বাহিনী চৌকিং শুরু করে এগরা ও হাওড়া রুটের বাসে। জানা যায়, ওই বাসটি দাঁতন হাওড়া রুটের বাস ছিল। বাসটিতে লেখা রয়েছে সোনাকনিয়া ও হাওড়া রুটা বাসটির পেছনের ডিকি থেকে সাতটি ব্যাগ উদ্ধার হয়। ব্যাগ খুলতেই চক্ষু চড়কগাছ পুলিশের। সেই সাতটি ব্যাগ থেকে প্রায় ৬৮ কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ। পুলিশ সূত্রে খবর, আনুমানিক ওই মাদক অব্যের বাজার মূল্য বেশ কয়েক লক্ষ টাকা। পুলিশ এই ঘটনায় বাসটি সহ একজনকে আটক করেছে। উদ্ধার করা গাঁজার ব্যাগ সহ ধৃতকে থানার আনা হয়েছে। কাঁথি মহকুমা পুলিশ আধিকারিক দিবাকর দাস বলেন, আমরা গোপন সূত্রে খবর পেয়ে এই অভিযান চালায় এবং উদ্ধার হয়েছে প্রচুর গাঁজা। আইন আইনের চলবে।

## জগন্নাথ সরকারের গাড়িতে হামলার অভিযোগ

দুরন্ত বার্তা, নদীয়া, ১৮ এপ্রিল : নদীয়ার শান্তিপুুরে গোবিন্দপুর এলাকার সাংসদ জগন্নাথ সরকারের গাড়ির উপর হামলার অভিযোগ। নিরাপত্তা রক্ষীদের সঙ্গে কিছু লোকজনরে ধাক্কাধাক্কি হয় বলেও অভিযোগ। জানা গেছে জগন্নাথ সরকার বৃহস্পতিবার তাঁর নিজের কিশোরিতে যাচ্ছিলেন। সেই সময় তাঁর ওপর হামলা হয় বলে অভিযোগ। জগন্নাথ সরকারের অভিযোগ, কয়েকদিন ধরে তাঁর কিশোরিতে মাছ চুরি হচ্ছে। সেটা খতিয়ে দেখতেই এদিন গিয়েছিলেন জগন্নাথ সরকার। কিছু লোকজন সেখানে তাঁকে ঘিরে বিক্ষোভ দেখাতে শুরু করে। নিরাপত্তা রক্ষীরা তাকে সরিয়ে নিয়ে যায়। এরপর তাঁর গাড়ির উপর আক্রমণ করা হয় বলে অভিযোগ। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই পুরো ঘটনাকে ‘পরিবিক্ষিত ষড়যন্ত্র’ বলে দাবি করেন জগন্নাথ সরকার। তিনি বলেন, বুকে সুখে প্ল্যানমাফিক সব করা হচ্ছে। শান্তিপূর থানারও তুমিকা আছে এ ক্ষেত্রে।

## পানীয় জলের দাবিতে বিক্ষোভে গ্রামবাসীরা

দুরন্ত বার্তা, তপন, ১৮ এপ্রিল : দক্ষিণ দিনাজপুরের তপন রকের লঙ্ঘরহাটে পরিস্রুত পানীয় জলের দাবিতে বিক্ষোভে শামিল গ্রামবাসীরা। বৃহস্পতিবার বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা। বাসিন্দাদের দাবি, পিএইচ২’র মাধ্যমে দ্রুত পরিস্রুত পানীয় জল সরবরাহ করতে হবে। এই দাবি তুলে এদিন প্রায় চার ঘণ্টা রাজা সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখালেন গ্রামবাসীরা। পাশাপাশি পিএইচ২ দফতরে তালু পুলিশে দেন তাঁরা। তপন রকের আউটিনা গ্রাম পঞ্চায়েতের লঙ্ঘরহাটে রয়েছে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের বিষ্ণুপুর জল সরবরাহ প্রকল্পের। প্রতিদিন সেখান থেকে পাইপ লাইনের মাধ্যমে লঙ্ঘরহাট, নারিকাজোর, খলসি, জিতিহার গ্রামগুলিতে জল সরবরাহ হয়ে থাকে। অভিযোগ, বেশ কিছুদিন ধরে এলাকায় জল সরবরাহ বন্ধ রয়েছে। ফলে এলাকায় জলের তীব্র সংকট দেখা দিয়েছে। এদিন দুপুরে গ্রামের বাসিগণরা জল প্রকল্প দপ্তরে গিয়ে পানীয় জলের দাবিতে বিক্ষোভ দেখাতে থাকেন। কিন্তু দপ্তরের কেউ না থাকায় ক্ষোভেতে ফেটে পড়েন তাঁরা। এরপরে তপন, চকড়ঙ রুটের লঙ্ঘরহাটে রাজা সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায়।

# সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে অবশেষে বিধায়কের পদ থেকে ইস্তফা দিলেন বিধায়ক মুকুটমণি অধিকারী

দুরন্ত বার্তা, নদীয়া, ১৮ এপ্রিল : সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে অবশেষে বিধায়কের পদ থেকে ইস্তফা দিলেন রানাঘাট দক্ষিণের বিধায়ক মুকুটমণি অধিকারী। বৃহস্পতিবার বিধানসভায় গিয়ে পদত্যাগ করলেন রানাঘাট দক্ষিণের বিজেপি বিধায়ক মুকুটমণি অধিকারী। উল্লেখ্য থাকে, বিজেপির বিধায়ক থাকাকালীন বিধায়ক পদ না ছেড়ে তৃণমূলের যোগ দেন। তৃণমূলে যোগ দিতেই ২০২৪ - এ লোকসভা নির্বাচনে রানাঘাট কেন্দ্রে প্রাণী করে তৃণমূল। সাত দফা লোকসভা নির্বাচন শুক্রর ঠিক ২৪ ঘণ্টা। আগে পদত্যাগ করে নির্বাচনের আগে এক প্রকার বিরোধীদের মুখ বন্ধ করে দিলেন তৃণমূলের রানাঘাট লোকসভা কেন্দ্রের প্রাণী ড. মুকুটমণি অধিকারী। বৃহস্পতি বার বিধানসভায় গিয়ে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে পদত্যাগপত্র

জমা দেন রানাঘাটের তৃণমূল প্রাণী। সূত্রের খবর মুকুটমণি অধিকারীর ইস্তফা পত্র গ্রহণ করেছেন স্পিকার। জানা যায়, স্বতঃস্ফূর্ত ভাবেই তিনি বিজেপির বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েছেন। উল্লেখ্য, লোকসভা ভোটারে দিনক্ষণ ঘোষণা হতেই রানাঘাট লোকসভা কেন্দ্রে বিজেপি’র প্রাণী হিসেবে দ্বিতীয়বারের জন্য নাম ঘোষণা করা হয় জগন্নাথ সরকারের। আর তাতেই ক্ষুদ্র হন রানাঘাট দক্ষিণের প্রাক্তন বিজেপি’র বিধায়ক ও তার অনুগামীরা। এরপরই মুকুটকে দলে আনতে শুরু হয় তৃণমূলের তৎপরতা। বিজেপির বিধায়ক পদে থেকেই তৃণমূলে নাম লেখান মুকুটমণি অধিকারী। আর তাতেই বিজেপি সহ বিরোধীরা নির্বাচনী প্রচারে হাতিয়ার করে বিজেপির বিধায়ক পদ না ছেড়েই কিভাবে তৃণমূলের প্রাণী হোন মুকুট। বিরোধীদের এই প্রশ্নে অনেকটাই

## তৃণমূল আশ্রিত জমি মাফিয়াদের মদতে সরকারি শ্মশানের জমি রাতারাতি রেকর্ড হয়ে যাওয়ার অভিযোগ



দুরন্ত বার্তা, মালদা, ১৮ এপ্রিল : রাতারাতি সরকারি শ্মশানের জমি রেকর্ড হয়ে গেল কয়েকজন ব্যক্তির নামে। তারপর সেখান থেকে মাটি কেটে ৪০ লক্ষ টাকায় বিক্রির অভিযোগ। প্রশাসনকে চাপ দিয়ে মাটির ডিসিআর কাটানোর অভিযোগ। কাঠগড়ায় তৃণমূল। তৃণমূলের আমলে শ্মশানও সুরক্ষিত নয়। বিক্রি হয়ে যাচ্ছে অভিযোগ বিরোধীদের। মুখ্যমন্ত্রীর জেলা সফরের প্রাক্কালে বাড়লো শাসকদলের স্বনম্রি। চাল চুরি, ত্রিপাল চুরি, বন্স্যার টাকা চুরির পর এবারে শ্মশান চুরির অভিযোগ উঠলো তৃণমূল আশ্রিত জমি ও মাটি মাফিয়াদের বিরুদ্ধে। মালদার হরিশ্চন্দ্রপুরের মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে জমিদারদের দান করা শ্মশানের জমি লুট করার অভিযোগ উঠলো তৃণমূল আশ্রিত জমি মাফিয়াদের বিরুদ্ধে। এমনকি শুধু জমি দখল নয় প্রকাশ দিবালোকে ওই শ্মশান থেকে চল্লিশ লক্ষ টাকার মাটি পর্যন্ত কেটে বিক্রি করে দেওয়া হয়েছে বলে অভিযোগ গ্রামবাসীদের। আর এই কাজে জমি মাফিয়াদের পেছনে কয়েক মদত জুগিয়েছেন শাসকদের নেতারা। আর এই ঘটনায় সরব হয়েছেন স্থানীয় বাসিন্দারা। থানা থেকে শুরু করে স্থানীয় প্রশাসনের বিভিন্ন দপ্তরে তারা গণস্বাক্ষর সম্বলিত অভিযোগ জমা করছেন। কিন্তু সব কিছু দেশে শোনেও প্রশাসন নির্বিকার। অবিলম্বে এই জমি ফেরত না পাওয়া গেলে এলাকায় ভোটের আগেই সদস্যখালির মত লাঠি হামাি নিয়ে আন্দোলনের নানাবয়ন গ্রামবাসীরা এমনটাই ঘোষা দিলেন তারা। স্থানীয় সবে জানা গেছে, হরিশ্চন্দ্রপুর থানার মহেন্দ্রপুর এলাকায় একটি শ্মশান রয়েছে দীর্ঘ ১০০ বছরের বেশি সময় ধরে। স্থানীয় বাসিন্দাদের দাবি এই জমিটি জমিদারের জমিদারদের দান করা। ভূমি সংস্কার দপ্তরের রেকর্ডে এই জমির চরিত্র শ্মশান বলেই উল্লেখ রয়েছে। কিন্তু সম্প্রতি এলাকার কিছু তৃণমূলের প্রভাবশালী নেতা সঙ্গে

শাসকদল আশ্রিত জমি মাফিয়ারা রাতারাতি এই জমির রেকর্ড পরিবর্তন করে নেয়। তারপরেই এই শ্মশানের জমি থেকে ব্যাপক হারে মাটি কাটতে আরম্ভ করে। এদিকে জমি মাফিয়ারা কয়েকদিন ধরে ওই শ্মশান থেকে প্রায় চল্লিশ লক্ষ টাকার বেশি মাটি কেটে নিয়েছে বলে অভিযোগ উঠেছে গ্রামবাসীর পক্ষ থেকে। এই বিষয়ে তারা তথ্য জানার অধিকার আইনে ভূমি সংস্কার দপ্তরকে চিঠিও করেছে। সেখানেই দেখা গেছে জমিটি এখনো শ্মশান বলেই উল্লেখ রয়েছে। এমনকি আর এস খতিয়ানেও এই জমি শ্মশান বলে উল্লেখ রয়েছে। গ্রামবাসীদের দাবি অবিলম্বে এই জমি শ্মশান রক্ষা কমিটিকে ফিরিয়ে না দিলে এবং জমি মাফিাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করলে তারা বৃহত্তর আন্দোলনে নামবেন। এনাকি সদস্যখালির মত গ্রামের মেয়ে বউরা প্রয়োজন হলে ঝাঁটা লাঠি হাতে নিয়ে শাসকদলের বিরুদ্ধে আন্দোলনের সামিল হবেন বলেও হুঁশিয়ারি দিয়েছেন গ্রামবাসীরা। আর লোকসভা ভোটের আগে এই ঘটনা প্রকাশে। আসায় চরম অসন্তুষ্টে শাসকদল। অভিযোগকারী স্থানীয় বাসিন্দা বিকাশ দাস বলেন, ওই জমি শ্মশানের জমি। কিন্তু সেটা তৃণমূলের মদতে রেকর্ড হয়ে গেছে। তারপর মাটি কেটে চড়া দিয়ে বিক্রি হয়েছে। আমরা মাস পিটিনশ দিয়েছি। অভিযোগকারী স্থানীয় বাসিন্দা রাজকুমার সাহার বক্তব্য, এটা শ্মশান। যেখানে সবাইকে আসতেই হবে। সেই শ্মশানের জমি অধিে ভাবে রেকর্ড হয়ে যাচ্ছে। সেখান থেকে মাটি কেটে ৬০-৮০ লক্ষ টাকায় বিক্রি হলো। আমরা আমাদের শ্মশান বাচাতে বৃহত্তর আন্দোলনে নামবো। কংগ্রেস নেতা তথা বন ও ভূমি কমিষাক্ষের স্বামী আবদুস শোভানের অভিযোগ, পঞ্চায়েত সমিতি আমাদের দখলে। আমরা প্রাসনকে তদন্ত করতে বলছি। তৃণমূলের কাজই এটা সব কিছু বিক্রি করে দেওয়া। এটা কোন ভাবেই মেনে নেওয়া যাবে না। বিজেপির জেলা কমিটির সদস্য রূপেশ আগরওয়ালের দাবি, বিএনকারও কে চাপ দিয়ে তৃণমূলের নেতারা এই জমি রেকর্ড করিয়ে নিয়েছে। তারপর মাটি কেটে ৪০ লক্ষ টাকায় বিক্রি করেছে। এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক আইএনএটিউবির সভাপতি সাহেব দাসের সাফাই, শ্মশান একটা আস্থার জায়গা। যারা এটা করেছে টিক নয়। দলের কেউ যুক্ত থাকলেও আমরা পাশে দাঁড়বো না। প্রশাসন সব কিছু নেবে। হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক ভিক্তর সাহা জানান, সমগ্র বিষয়ে তাম্ত্ত করে আভ্যনানুগ ব্যবস্থা নেওয়া হবে। নির্দিষ্ট প্রক্রিয়ার জমি উদ্ধার হবে।

# মুর্শিদাবাদে দাঙ্গার পিছনে মমতার প্ররোচনাই দায়ীঃ বর্ধমানে বিস্ফোরক দিলীপ

দুরন্ত বার্তা, বর্ধমান, ১৮ এপ্রিল : মুর্শিদাবাদে রাননবমীর শোভাযাত্রায় ইট-পাটকেল ও বোমা মারার চেষ্টা করা হয়েছে, এর পিছনে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্ররোচনা রয়েছে। কয়েকদিন ধরে বিভিন্ন জায়গায় দাঙ্গা দাঙ্গা বলে মুসলিমদের উসকানি দেওয়ার চেষ্টা করেন। একেবার উসকানি দিয়ে (দাঙ্গ) করিয়েছেন, মুসলিমরা তার প্ররোচনায় পা দিয়ে বদনামও হয়েছে দাবী করেন দিলীপ ঘোষ। তিনি বলেন, মুসলিম সমাজের দাঙ্গা করার দরকার নাই, মৌদির উদ্ভাত্তে ভারতবর্ষে মিলেমিশে থেকে রাজত্ব করতে হবে, শুধু থেকে থাকতে হবে। মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজনীতি হল হিন্দু – মুসলমান ভাগাভাগি করে ইলেকশন জেতা। তার কথায় মুসলিমরা রাস্তায় নেমে বিরোধীতা করেননি তখন তিনি নিজের ভাড়াটিয়া-গুন্ডা দিয়ে (মুর্শিদাবাদে) উৎপাত করেছেন,



হিন্দু- মুসলমানের মধ্যে টেনশন তৈরী করার চেষ্টা করছেন বলে বৃহস্পতিবার প্রত্যেকদিনের মতো প্রাতঃভক্তনে বেরিয়ে অভিযোগ করেন দিলীপবা। এদিন সকালে শহরের অফিসার্স কলোনীর মাঠে বিজেপির জেলা সভাপতি অভিজিত তা ও শহর এবং মন্ডলের নেতা- কর্মীদের সঙ্গে নিয়ে প্রাতঃভ্রমণ সারেন তিনি। এরপর বীরহাটা এলাকায় চা-চক্রে যোগ দেন। চায়ে

# থেকে ইস্তফা দিলেন বিধায়ক মুকুটমণি অধিকারী



করতে পারে বিজেপি। নদীয়া দক্ষিণের বেশ কিছু যুব পদাধিকারী প্রকাশ্যেই মুকুটকে প্রাণী হিসাবে চোখেছিলেন। রীতিমত সমাজ মাধ্যমে মুকুটের ছবি পোস্ট করে ২০২৪ - এ রানাঘাট কেন্দ্রের প্রাণী হিসেবে দাবি করেছিলেন যুব নেতৃত্ব। কিন্তু এ বার তাঁর নাম বিবেচনাতেই রাখেনি বিজেপির শীর্ষ নেতৃত্ব। প্রথম দফার নাম ঘোষণায় রানাঘাট ফের প্রাণী করা হয় জগন্নাথকে।

# চৈত্রের নবমীতে জন্মদাত্রীর পূজা করলো সন্তান

দুরন্ত বার্তা, বোলপুর, ১৮ এপ্রিল : মা তো মা-ই। সন্তানের কাছে চির পুজিতা গর্ভধারিণী মা। সন্তানের ইচ্ছে ছিল অকাল বোধিতা। দুর্গাপূজার সময় নবরাত্রীতে মায়ের পূজা করবেন। কিন্তু সেটা হয়ে ওঠে নি। অবশেষে চৈত্রের নবমী তথিতে সেই ইচ্ছে পূরণ হলো সন্তানের। নিজের মাকে দেবীরূপে পূজো করলেন বোলপুরের শুভদীপ ভট্টাচার্য্য। পোশায় মেক আপ আর্টিস্টা যে নারী তাকে নিজ গর্ভে তিল তিল করে তৈরী করেছেন। জন্মের পর তার ধরে হাটা শিখিয়েছেন। জীবনে চলার পাঠ দিয়েছেন, চলার পথ তৈরি করে দিয়েছেন। বৃহস্পতিবার সেই মাকে দেবী রূপে পূজো করে নিজের ইচ্ছে পূরণ করলেন তিনি। বাড়িতে পরমেশ্বরী নিতা পুজিতা হন। তার পাশে দেবী বাসন্তী। চিত্র তার পাশে লাগা পোড়া সাদা শাড়ি, গলায় জবা ফুলের মালা বিভূষিতা জন্মদাত্রী মা। অনর্গল মন্ত্র উচ্চারণ করে মাতৃআরাধনা করলেন তিনি। শুধু মায়ের পূজা নয়, মাতৃভক্ত সন্তান মায়ের শিক্ষায় তিনি প্রকৃতি ও পশু প্রেমিক। সবার জানা, গর্ভধারণের জন্য মায়ের স্থান পত্নীর উপরেও দেওয়া আছে। কিন্তু সে কথা আজ ক’জন মনে রাখে। মমদের মুমারী মাকে পূজো করে আমরা শারদ উৎসবে মেতে উঠি। কিন্তু বাড়ির রক্তমাংসের দেহে জীবিত মায়ের স্থান হয় বৃদ্ধাশ্রমে। সেদিক থেকে এই প্রচেষ্টা সার্থক হোক বাংলার ঘরে

## ব্যক্তিকে মান করিয়ে দিলেন সুভাষ সরকার

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৮ এপ্রিলঃ প্রচারে বেরিয়ে আগেই জুতো পাালিশ করে বিতর্কে জড়িয়েছিলেন বাঁকুড়া লোকসভা কেন্দ্রের বিজেপি প্রাণী সুভাষ সরকার। এবার প্রচারে বেরিয়ে এক ব্যক্তির মাথায় জল দিলে তাকে মান করিয়ে দিয়ে বিতর্কে জড়ালেন সুভাষ সরকার। বাঁকুড়ায় গত কয়েকদিন ধরে প্রবল তাপপ্রবাহ চলছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ঘোরাক্ষেত্রা করছে ৪০ ডিগ্রি থেকে ৪৩ ডিগ্রির মধ্যে। বেলা গড়াতেই শুরু হচ্ছে লু-এর প্রভাব। এরই মাঝে প্রচার চালিয়ে যাচ্ছেন বাঁকুড়া লোকসভা কেন্দ্রের বিভিন্ন দলের প্রার্থীরা। প্রবল এই গরমে প্রচারে বেরিয়ে এবার নিজে হাতে এক ব্যক্তিকে মান করিয়ে দিলেন বাঁকুড়া লোকসভা কেন্দ্রের বিজেপি প্রাণী সুভাষ সরকার। সুভাষ সরকারের দাবি, আজ দুপুরে বাঁকুড়ার ইন্দ্রপুর গ্রুকের কেবোলা গ্রামে হুড খোলা গাড়িতে চড়ে প্রচার চালানোর সময় তিনি দেখেন রাস্তার ধারে গাছের ছায়ায় এক ব্যক্তি খালি গায়ে বসে রয়েছেন। পাশেই রয়েছে এক বাসতি জলা। সুভাষ সরকারের দাবি, দেখেই বোঝা যাচ্ছিল ওই ব্যক্তির স্নানের ইচ্ছে আছে। আর দেরি করেননি সুভাষবাবু।

# হাওড়ার জগাছায় আগ্নেয়াস্ত্র সমেত গ্রেফতার হলো এক

দুরন্ত বার্তা, হাওড়া, ১৮ এপ্রিল : পুলিশের নাকা তল্লাশিতে লোকসভা ভোটের আগে হাওড়ার জগাছায় আগ্নেয়াস্ত্র সমেত গ্রেফতার হলো এক দুষ্টুতী। বৃহস্পতিবার দুপুরে জগাছার পুরনো প্রেস কোয়ার্টার এলাকা থেকে সৌরভ পারাল ওরফে ছোটবাবু নামের ওই দুষ্টুতীকে গ্রেফতার করা হয়। ধরবে কাছ থেকে একটি আগ্নেয়াস্ত্র সহ দুই রাউন্ড কার্তুজ উদ্ধার করে পুলিশ। এছাড়াও ধৃতের কান্না থেকে একটি চোরাই মোটরবাইকও উদ্ধার করা হয়েছে। পুলিশ অনুমান করছে ওই দুষ্টুতী কোনও অস্বাধ করতেই এদিন আগ্নেয়াস্ত্র নিয়ে ঘুরছিল। উল্লেখ্য, ভোটের আগে হাওড়া সিটি পুলিশের তরফ থেকে নিয়মিত নাকা তল্লাশি শুরু হয়েছে বিভিন্ন এলাকায়। সেরহমুর্শি এদিন দুপুরে জগাছা থানার পুলিশ যখন পুরনো প্রেস কোয়ার্টারের কাছে নাকা তল্লাশি চালাচ্ছিলে তখনই ওই যুবক পুলিশের হাতে ধরা পড়ে।

**NIT, Govt. of West Bengal.**  
Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.  
1.Name of Work: "Annual Maintenance of CCTV Surveillance System Installed at Presidency University, Kolkata Campus, 86/1 College Street, Kolkata- 700 073 for 01(One) Year."
Job No: KIT/OW/001 of 24-25"
&= TENDER No. WBPWD/EEKIT/E-NIT-001/T/24-25 Tender ID: 2024\_WBPWD\_688269\_1
Bid Submission Closing: 27.04.2024 up to 03.00 PM
Corrigendum or Addendum if issued will be published only on website.

**Sd/-**  
**Executive Engineer, PWD**  
**Kolkata IT Division**

## সঞ্জু-রাহুল-ঈশান...একঝাঁক বিকল্প বিশ্বকাপে ভারতের গ্লাভসম্যান বেছে দিলেন রিকি পন্টিং

নয়াদিল্লি, ১৮ এপ্রিলঃ আইপিএল মাঝ পথে। জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপ। ভারতকে নেতৃত্ব দেবেন রোহিত শর্মা। বহু আগেই ঘোষণা করে দিয়েছেন বোর্ড সচিব জয় শাহ। ভারতীয় শিবিরে মাথাবাখা উইকেট কিপার। বিশ্বকাপের টিম বাছাইয়ের ক্ষেত্রে দেখা হবে আইপিএলের পারফরম্যান্স। বিশ্বকাপে ভারতের কিপিং পঞ্জিনা নিয়ে মেনা যুদ্ধ চলছে। ঈশান কিশান, সঞ্জু স্যামসন, ঋষভ পন্থ, লোকেশ রাহুল, জীতেশ শর্মা৷ দুরন্ত পাবকর্ম



করছেন। এর মধ্যে কাকে বা কাদের (দুটো স্লট থাকলে) বেছে নেওয়া হতে পারে, এই ভাবনায় খুম উড়েছে বোর্ডের নির্বাচন কমিটি৷ তাদের কাজটা মেন সহজ করে দিলেন দিল্লি ক্যাপিটালসের কোচ রিকি পন্টিং। বিশ্বের অন্যত্র সেরা ক্যাপ্টেন রিকি পন্টিং। বিশ্বকাপ জিতেছেন। বিশ্বকাপের মতো বড় মঞ্চে ভালো পারফর্ম করতে হলে কী প্রয়োজন, রিকি পন্টিং অনেক ভালো বুঝেন। এতে অবাক হওয়ার কিছু নেই। আইপিএল শেষের কয়েক দিনের মধ্যেই শুরু টি-টোয়েন্টি বিশ্বকাপ। সব কিছু ঠিক থাকলে

এপ্রিলের শেষে বিশ্বকাপের স্কোয়াড বেছে নেবে ভারতীয় ক্রিকেট বোর্ড। তার আগে অজিত আগরকরদের কিছুটা মেন মুশকিল আসান করে দিলেন পন্টিং। সংবাদসংস্থা পিটিআইকে এক সাক্ষাৎকারে বিশ্বজয়ী অধিনায়ক পন্টিং বলেন, ‘যদি বলেন ঋষভ পন্থেরই বিশ্বকাপে থাকা উচিত কিনা, অবশ্যই ও এই ভূমিকার জন্য প্রথম পছন্দ হওয়া উচিত। ঋষভ পন্থ আইপিএল এবং ভারতীয় দলে কেমন খেলেছে, আমরা সবলেই দেখেছি। এ বাইরে আইপিএল

## মুস্তাফিজুরকে ডেকে নিল বাংলাদেশ বোর্ড

ঢাকা, ১৮ এপ্রিলঃ অন্য ক্রিকেট খেলিয়ে দেশগুলো যা পান না। বা পারলেও তাদের ক্ষমতা নেই, সেটাই করে দেখালেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্তারা। তারা জাতীয় দলের নমী পেসার মুস্তাফিজুর রহমানকে ডেকে নিল। চলতি আইপিএলের আর চারটি ম্যাচ খেলতে পারবেন মুস্তাফিজুর। তারপর চেন্নাই সুপার কিংসের হয়ে খেলতে দেখা যাবে ইংল্যান্ডের পেসার রিচার্ড প্রিসনকে। এবারই প্রথম আইপিএলে ডাক পেলেন ডানহাতি এই পেসার। বাংলাদেশ ক্রিকেট বোর্ড মুস্তাফিজুরকে আর বেশি ছাড়পত্র দিতে নারাজ। তারা সম্প্রতি এক বিবৃতিতে জানিয়েছে, আইপিএল থেকে আর শোবার কিছু নেই। বরং জাতীয় দলের হয়ে জিন্সবোয় সিরিজ খেলে আরও বেশি উপকৃত হতে পারবেন। চলতি মনরশমে আইপিএলে পাঁচটি ম্যাচে মুস্তাফিজুরের শিকার মোট দশটি উইকেট। তিনি দেশে ফিরলে খোনিরা সমস্যায় পড়ে যাবেন। কিন্তু বাংলাদেশ বোর্ডের কড়া বার্তা, তাই ফিরতেই হবে অভিজ্ঞ পেসারকে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্তা জালান ইউনিস সাংবাদিকদের জানান, ‘‘আইপিএল খেলে মুস্তাফিজুরের কোনও উন্নতি হবে না। বরং ওর থেকে জেনে নিয়ে বাকি দেশের ক্রিকেটারদের ভাল হবে, তাতে আমাদের কী হবে। আর আইপিএলের কেউ যদি ভাবে তার ওভার বোলিং করার পরে দলের বোলারদের আর কাজ কী! তা হলে সেই ব্যক্তি ভুল করবেন। কারণ আইপিএলে অনেক সময় করতে হয়। একটা শহর থেকে অন্য শহরে গাড়ি রাতে যেতে হয়, ঘুম হয় না। বিশ্রামও পাওয়া যায় না। আমরা মুস্তাফিজুরের শরীর ও স্বাস্থ্য নিয়ে চিন্তিত বলেই তাঁকে আমরা ডেকে নিয়েছি।’’

## দৌড়ে নেই পন্থ-সঞ্জুরা? বিশ্বকাপে ভারতীয় টিমে ঢোকার লড়াই খোনি আর কার্তিকের!

### দুরন্ত বার্তা প্রতিবেদন

শুধু রান দিয়ে মাথা বেতে পারে সাফল্য? না। অভিজ্ঞতাই আসল। কঠিন পরিস্থিতিতে টিমকে জেতাতে পারেন তারাই, যাদের পর্যাণ অভিজ্ঞতা রয়েছে। এই



আইপিএল যেন চোখে আঙুল দিয়ে দেখাচ্ছে, অভিজ্ঞতা থাকলে কী করা যায়! সেই তালিকায় এই মুহূর্তে এমন দু’জন, যাদের নিয়ে তুলুল আলোচনা চলছে। বলা হচ্ছে, বয়সের দিকে না তাকিয়ে অভিজ্ঞতা দিয়ে মাথা হোক। এদের একজনকে রাখা হোক বিশ্বকাপ টিমো। এই দু’জন কারা? ৪৩ বছরের মহেন্দ্র সিং ধোনি, ৩৯ বছরের দীনেশ কার্তিক। যে মাঠেই নামছেন, সেই

মাঠেই ‘ইমপাক্ট’ রাখছেন। ‘হাটুর বয়সী’ ক্রিকেটাররাও যেন তাল মেলাতে পারছেন না এই দু’জনের সঙ্গে। কার্যত ঝড় বইয়ে দিচ্ছেন দুই ‘বুড়ো’। ধোনি আর কার্তিককে নিয়ে কী বলছেন রোহিত শর্মা? কয়েক দিন আগে অস্ট্রেলিয়ার প্রাক্তন

ক্রিকেটার অ্যাডাম গিলক্রিস্ট মজা করে বলেছেন, ‘ধোনি আর কার্তিক যা খেলছেন, ওঁদের বিশ্বকাপ টিমে সুযোগ পাওয়া উচিত। ভারতীয় টিমের ক্যাপ্টেন রোহিত এক সাক্ষাৎকারে বলে দিয়েছেন, ‘‘ওঁদের দেশে আমি সত্যিই মুগ্ধ। বিশেষ করে দীনেশ কার্তিককে নিয়ে। ও কয়েক দিন আগে দুরন্ত ব্যাটিং করছেন। আর ধোনিও দারুণ খেলছে। আমাদের বিরুদ্ধে মাত্র

চারটে বল খেলার জন্য নেমেছিল। তাতেই অবিশ্বাস্য পারফর্ম করল। ২০-২২টা রান করে গেল। ওর ওই ইনিংসটাই কিন্তু ফারাক গড়ে দিল।’’ ধোনি, কার্তিককে কি বিশ্বকাপ টিমে খেলার জন্য বাজি করানো যাবে? একই সঙ্গে রোহিত বলে দিয়েছেন, ‘‘একটা ব্যাপার সত্যি, ধোনিকে ওয়েস্ট ইন্ডিজ যওয়ার ব্যাপারে বাজি করানো সহজ নয়। ও ক্লান্ত, অসুস্থও। তবে আমেরিকা যে ও যাচ্ছে, তা নিয়ে কোনও সন্দেহ নেই। তবে অন্য কিছু করতে ধোনি এখন গম্ব খেলে। ও গম্ব খেলার জন্যই আমেরিকা যাবে বিশ্বকাপের সময়। আর দীনেশ কার্তিক, ওকে বাজি করানো সম্ভব বলেই মনে হয় আমার।’’ মুম্বইয়ের বিরুদ্ধে ওয়াশিংটনে ম্যাচ খেলার সময় কার্তিক দুরন্ত পারফর্ম করেছিলেন। যা দেখে রোহিত বলেছিলেন, ‘‘ওর মাথায় বিশ্বকাপ ঘুরছে।’’ তা যে সত্যিই, তা প্রমাণ করে চলেছেন কার্তিক। তবে ৩৯ বছরের কার্তিককে বিশ্বকাপ টিমে নেওয়া হবে কিনা, তা অবশ্য সময় বলবে।

## চ্যাম্পিয়নস লিগ

## টাইব্রেকারে হেরে সিটির বিদায়, সেমিতে রিয়াল

ম্যানচেস্টার সিটি ১ - ১ রিয়াল মাদ্রিদ (দুই লেগ মিলিয়ে ৪-৪ সমতার পর টাইব্রেকারে রিয়াল ৪-৩ ব্যবধানে জয়ী)



লন্ডন, ১৮ এপ্রিলঃ টাইব্রেকারের শেষ শটে অস্টিন ও রুডিগার বলই জালে জড়ালেন না, প্রায়শ্চিত্তও করলেন। তারই ভুলে ম্যাচে সমতা এনেছিল ম্যানচেস্টার সিটি, অতিরিক্ত সময় গেলের সবচেয়ে বড় সুযোগটিও মিস করেছেন তিনিই। শেষ পর্যন্ত সেই রুডিগারের শটেই টাইব্রেকারে ম্যানচেস্টার সিটিকে ৪-৩ ব্যবধানে হারিয়েছে রিয়াল মাদ্রিদ। যে জয়ে আবারও চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনালে জায়গা করে নিয়েছে ১৪ বারের ইউরোপীয় চ্যাম্পিয়নরা। আর গতবারের চ্যাম্পিয়নরা বিদায় নিল শেষ আট থেকেই। গত আসরে সিটির কাছে হেরেই সেমিফাইনাল থেকে বিদায় নিয়েছিল রিয়াল মাদ্রিদ। এবারের সেমিফাইনালে রিয়াল মাদ্রিদে প্রতিপক্ষ বায়ার্ন মিউনিখ। অপর সেমিফাইনালে পিএসজির প্রতিপক্ষ বরুসিয়া উটমুন্ড। ইতিহাসের ম্যাচটিতে ম্যানচেস্টার সিটি হেরেছে আসলে রিয়ালের রক্ষণের কাছে। ম্যাচের বেশির ভাগ সময় বলা দখল, বেশি

আক্রমণ আর বেশি দাপট দেখালেও রিয়ালের রক্ষণ দেয়াল ভেদ করতে পূর্ণদূর হতে হয়েছে সিটিকে। যে দেয়ালের সর্বশেষ রক্ষক ছিলেন গোলকিপার আন্দ্রে লুনিয়া। রিয়াল গোলকিপার টাইব্রেকারেই প্রতিহত করেছেন বর্নোঁ সিলভা ও মাতোও কোচাটিকের শট। বিপরীতে সিটি গোলকিপার এদেরসন আটকাতে পেরেছেন শুধু লুকা মদারিরে শট। এর আগে বার্নাবার ৩-৩ সমতার স্কোরলিনে ইতিহাসের ১২ মিনিটেই রিয়ালের পক্ষে ৪-৩ বানিয়ে দেন রদ্রিগো। জাতীয় দল সতীর্থ এদেরসন তার নেওয়া শট প্রথমে কণ্ঠে দিলেও ফিরতি যাত্রায় আবার পেয়ে জালে জড়তে ভুল করেননি এই ব্রাজিলিয়ান। গোল হজমের পর ম্যানচেস্টার সিটি অবশ্য আক্রমণের ধার বাড়ায়। আর্লিং হলান্ড অনেকটা আড়ালে পড়ে থাকলেও রিয়াল রক্ষণে বারবার ভীতি ছড়ান কেবিনে ডি ব্রুইনা, খিলে বেনেডেন, জ্যাক গ্রিলিশরা। সিটির লিগাতার আক্রমণের মুখে রিয়ালের রক্ষণ ছিল জমাট, সুগতি। তবে ৭৬ মিনিটে রুডিগারের মুহূর্তের দুর্বলতায় সিটি আর থাকেনি। সিটিকে সমতায় ফেরান ডি ব্রুইনা। নবমই মিনিটে খেলা দুই লেগ মিলিয়ে ৪-৪ সমতায় শেষ হওয়ার পর অতিরিক্ত ৪৫-৪৫ গণ্ডা ও যায় একই ধারায়। এ সময়ে গেলের ভালো সুযোগটি ছিল রুডিগারের সামনে। জার্মান ডিসেম্বর ১০৫ মিনিটে ৬ গজ বলেরে ভেতরে নেওয়া শট বারের ওপর ডিউডিয়ে মারেন। তবে শেষ পর্যন্ত রিয়ালের জয়ের মুহূর্তটা এনে দিয়েছেন রুডিগার। এ নিয়ে রেকর্ড ১৭তম বার চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনালে উঠল রিয়াল মাদ্রিদ।

# সব ভুয়ো খবর দ্রাবিড়-অজিতের সঙ্গে বৈঠক নিয়ে চাঞ্চল্যকর তথ্য রোহিত শর্মার

### দুরন্ত বার্তা প্রতিবেদন

দেশের মাটিতে আইপিএল শেষ হওয়ার পর সকলের নজর থাকবে জুনে হতে চলা টি-২০ বিশ্বকাপে। ইতিমধ্যেই শোনা গিয়েছিল বিশ্বকাপে ভারতীয় স্কোয়াড কেমন হতে পারে, তা নিয়ে আলোচনার জন্য এক বৈঠক করেছেন ভারতীয় হেড কোচ রাহুল দ্রাবিড়, অধিনায়ক রোহিত শর্মা এবং জাতীয় নির্বাচক কমিটির প্রধান অজিত আগরকর। সেই বৈঠকেই নাকি ঠিক হয়েছিল, এ বারের টি-২০ বিশ্বকাপে রোহিত শর্মার সঙ্গে ওপেনারের ভূমিকায় দেখা যাবে বিরাট কোহলিকে। এ বার এই টি-২০ বিশ্বকাপের মিটিং নিয়ে চাঞ্চল্যকর তথ্য দিলেন রোহিত শর্মা। হিটম্যান জানিয়ে দিয়েছেন, এই ধরনের কোনও বৈঠক রোহিত-রাহুল-অজিত করেননি। এমনকি টি-২০ বিশ্বকাপের জন্য এই বৈঠকের দাবি ভুয়ো বলেছেন রোহিত। মাইকেল ডন এবং অ্যাডাম গিলক্রিস্টের সঙ্গে ক্লাব প্রেইরি ফায়ার নামের পডকাস্টে কথা বলার সময় রোহিত শর্মা জানিয়েছেন, টি-২০ বিশ্বকাপের জন্য দল নির্বাচন নিয়ে যে বৈঠকের খবর চারিদিকে ছড়িয়েছে, তা ভুয়ো। তিনি এ বিষয়ে পরিস্কার করে বলেন, ‘‘আমি কারও সঙ্গে দেখা করিনি। অজিত আগরকর দুবাইয়ে এখন গম্ব খেলতে ব্যস্ত। আর রাহুল দ্রাবিড় বেসলাকুতে ওর ছেলের বেল্লা দেখছে। সত্যি বলছি আমরা দেখা করিনি।’’ বর্তমান দিনে প্রচুর ভুয়ো খবর ছড়ায়। আর রোহিতও সে কথাই উল্লেখ করেছেন। এবং সকলকে সতর্ক করেছেন এই ধরনের খবরে বিশ্বাস না করতে। তিনি বলেন, ‘‘আজকের দিনে, বর্তমান যুগে আমার কাছে বা রাহুলের (কোচ রাহুল দ্রাবিড়) থেকে বা অজিতের (জাতীয় নির্বাচক প্রধান অজিত আগরকর) কাছ থেকে কিছু না শুনলে কিংবা বিসিসআইয়ের



কোনও কর্তার কাছ থেকে কিছু না শুনলে বুঝবেন তা ভুয়ো।’’ রোহিত-রাহুল-অজিতের আসন্ন টি-২০ বিশ্বকাপ নিয়ে এখনই বৈঠক না হলেও, ভারতীয় স্কোয়াড ঘোষণার আগে তাঁদের ঠিক কথা হবে। এ ছাড়াও চলতি ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে বিশেষ নজর রয়েছে ভারতীয় টিম ম্যানেজমেন্ট এবং জাতীয় নির্বাচন কমিটি। আইপিএলে যে ক্রিকেটাররা ভালো পারফর্ম করবেন, তাঁরা কুড়ি-বিশের বিশ্বকাপ টিমে সুযোগের জন্য অগ্রাধিকার পাবেন। এমনটাই বার বার শোনা গিয়েছে। সেই দিক থেকে দেখতে হলে বিশ্বকাপে বিরাট কোহলির জায়গা পাকা। কারণ তিনি চলতি আইপিএলে অনবদ্য ছন্দে রয়েছেন। তবে রোহিত যেহেতু বৈঠকের দাবি ভুয়ো বলে জানিয়েছেন, তাই ওপেনিংয়ে বিরাট কোহলিকে দেখা যাবে কিনা, তা এখন থেকেই বলা যাচ্ছে না।

## ৫৮ বছর বয়সে ব্রাজিলের লিগে খেলবেন রোমারিও! নামছে বাবা-ছেলে জুটি

রিও ডি জেনেইরো, ১৮ এপ্রিলঃ আমেরিকা বিশ্বকাপ ১৯৯৪। সেই বিশ্বকাপ রাডিয়ে দিয়েছিলেন রোমারিও-বেবেতো-মার্কিনো। তাঁদের সেই গোল



উৎসব মনে রয়েছে? দলের এক সতীর্থের সন্তোষজাত সন্তানের জন্য ওই বেবি সেলিব্রেশন করেছিলেন। দু’হাত দিয়ে বাচ্চাকে যেমন দল খাওয়ায়, গোল করার পরে সেইভাবে তারা উচ্ছ্বাস দেখাচ্ছিলেন। বেবেতো ও মার্কিনোহোসেই সেই দলের বাকিরা অবসরে চলে গেলেও রোমারিও ফের মাঠে ফিরছেন। ৫৮ বছর বয়সে ওই ব্রাজিলীয় কিংবদন্তি

ফুটবলার হিসেবে মাঠে ফিরবেন। রিও ডি জেনেইরোর আমেরিকা ফুটবল ক্লাবের হয়ে দ্বিতীয় ডিভিশন লিগ খেলবেন। এই দ্বিতীয় ডিভিশন ক্লাবের প্রেসিডেন্ট ছিলেন

রোমারিও। এবার তিনি ফুটবলার হিসেবে নিজের নাম নথিভুক্ত করিয়েছেন। ১৮ মে থেকে শুরু হবে দ্বিতীয় ডিভিশন লিগ। এই ক্লাব দলটি রোমারিওর ছেলে রোমারিনহোকে চুক্তি করিয়েছে। এবার দেখার পালা বাবা ও ছেলে একইসঙ্গে মাঠে নামেন কিনা। আচমকা কেন তিনি ফুটবলার হয়ে খেলবেন? এই প্রশ্নের জবাবে রোমারিও জানিয়েছেন, ‘‘আমি এই

ক্লাবের প্রতি কৃতজ্ঞ। আমি তরুণ বয়সে এই ক্লাবে জীবন শুরু করেছিলাম। তাই পারিশ্রমিক ছাড়া খেলে ক্লাবের পাশে থাকতে চাই। কারণ আমি খেললে এখনও মাঠে দর্শক আসবে, টিকিট বিক্রি হলেও সেটি ক্লাবের পক্ষে ভাল।’’ এই নিয়ে রোমারিও ইনস্টাগ্রামে একটি পোস্ট করেছেন। তাতে বিশ্বকাপজয়ী ব্রাজিলের মহাতারকা লিখেছেন, ‘‘আমি ব্রাজিল লিগের কিছু ম্যাচ খেলব বলে মনস্থির করেছি। তাতে আমি ও আমার ছেলে একইসঙ্গে মাঠে নামব, এটা আমার কাছে স্বপ্নের মতো বিষয়, আপনারা কী বলেন!’’ ২০০৯ সালে শেষ কোনও অফিসিয়াল ম্যাচ খেলেছিলেন রোমারিও। এর ঠিক ৫ বছর পরে রিও ডি জেনেইরোর সিনেটর নির্বাচিত হন তিনি। ছোটবেলায় ভাস্কো দা গামা ক্লাবের হয়ে নিজের কেবিরার শুরু করেছিলেন রোমারিও। এরপর ডাচ লিগে পিএসভি আইন্দহোভেন ও লা লিগায় বার্সেলোনার হয়ে সোনার সময় খেলেছেন।

## টি ২০ বিশ্বকাপে ভারতের দশ ক্রিকেটারের জায়গা নিশ্চিত! বোর্ড কর্তার মন্তব্যে হলস্থূল

মুম্বই, ১৮ এপ্রিলঃ আসন্ন টি-২০ বিশ্বকাপে ভারতীয় দলের চূড়ান্ত ঘোষণা হবে এ মাসের শেষে কিংবা মে মাসের প্রথম সপ্তাহে। জুনে টি-২০ বিশ্বকাপ হবে আমেরিকা এবং ওয়েস্ট ইন্ডিজের মাঠে। ওই মেগা ইভেন্টের দল কী হবে সেই নিয়ে বিশেষজ্ঞদের মধ্যে আলোচনা শুরু হয়ে গিয়েছে। তারমধ্যে বোর্ডের এক



কর্তা সংবাদসংস্থা পিটিআইকে দেওয়া সাক্ষাৎকারে ভারতের দশ ক্রিকেটারের নাম এখনই জানিয়ে দিয়েছেন। ওই তালিকায় রয়েছেন রোহিত শর্মা (অধিনায়ক), বিরাট কোহলি, সূর্যকুমার যাদব, হার্দিক পাণ্ডিয়া, যশপ্রিং বুন্ডা, রবীন্দ্র জাদেজা, ঋষভ পন্থ, অশ্বিনী সিং, মহম্মদ সিরাজ ও কুলদীপ যাদব। বাকি ৫ জন কারা দলে থাকবেন, সেই নিয়েই আলোচনা শুরু হয়ে গিয়েছে। শুভমন গিল, যশদী জয়সোয়াল ছাড়াও ঈশান কিশান, কেএল রাহুল, জিতেশ শর্মা, উইকেটরক্ষক ব্যাটার সঞ্জু স্যামসন ও ঝুব জুরেলদের নাম নিয়েও আলোচনা চলবে সভায়। ইতিমধ্যেই ভারতীয় দল নিয়ে বৈঠক হয়েছে রোহিত, নির্বাচকপ্রধান ও কোচ রাহুল দ্রাবিড়ের মধ্যে। সেই বৈঠক নিয়ে খবরটি যে ঠিক নয়, তা জানান রোহিত। তিনি বলেছেন, এরকম খবরের কোনও সম্ভাব্য নেই। এতে করে দলের মধ্যে নানা সমস্যা তৈরি হয়। পাশাপাশি নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্তা কী করে দলের বিষয়ে এতটা নিশ্চিতভাবে রায় দিলেন, সেটি নিয়েও সমালোচনা হচ্ছে। দল নির্বাচনের অন্তরের খবর প্রকাশে বিরক্ত অধিনায়ক রোহিত, এমনকী বোর্ডের শীর্ষ আধিকারিকরাও।

## আইএসএলের ফাইনাল হতে পারে যুবভারতীতে, চমক থাকবে আরও কিছু

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ এপ্রিলঃ আইএসএলের ফাইনাল ম্যাচ হতে পারে কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে। ২০১৯ সালে আইএসএলের উদ্বোধন পর্ব হয়েছিল কলকাতায়। কিন্তু কোনওদিন ফাইনাল ম্যাচ হয়নি, সেটি এলাব করার চেষ্টা চলছে। ফেডারেশন সভাপতি কল্যাণ চৌবে এই বিষয়ে সভাস আভাস দিয়েছেন। মোহনবাগান, ইস্টবেঙ্গল দুটি দলই প্লে অফে উঠলে কলকাতার পাল্লা ভারী

দর্শকসন্দের সবটা মোহনবাগান সমর্থক দিয়ে পূর্ণ হওয়া চ্যালেঞ্জের বিষয়। কিন্তু লিগ-শিল্প নির্ধারক ম্যাচে যুবভারতীতে প্রায় ৬০ হাজার সবুজ মেরুন সমর্থকরা এসেছিলেন। এটিই আশার কথা মোহনবাগানের ক্ষেত্রে। ফাইনাল ম্যাচে যে আশ্রয় অনেকবেশি সমর্থক আসবেন, সেটিও ভাবতে শুরু করেছেন আয়োজক কর্তারা। তাই সেমিফাইনালের দুটি লেগে জিতে ফাইনালের টিকিট পেয়ে গেলে মোহনবাগানও চাইবে ঘরে



পাকত। কিন্তু মোহনবাগান একা হয়ে যাওয়া মুম্বইয়ের দিকে শেষমেশ চলে যেতে পারে। কলকাতায় কোনওদিন আইএসএল ফাইনাল হয়নি। এই যুক্তিকে সামনে রেখে ফেডারেশন সভাপতি শেষ চেষ্টা করছেন। আইএসএলের আয়োজক যারা বিলায়েল পোটারী এফএসডিএল (ফুটবল স্পোর্টস ডেভলপমেন্ট লিমিটেড) আধিকারিকরা চান যে মাঠেই খেলা হবে না কেন, মাঠ যেন কনায় কনায় পূর্ণ থাকে। যুবভারতীতে ৬৬ হাজার

মাঠে ফাইনাল ম্যাচ খেলতে। তবে আশা করা হচ্ছে, আগামী এক সপ্তাহের মধ্যেই ৪ মে কোথায় ফাইনাল ম্যাচ হবে তা ঠিক হয়ে যাবে। প্রসঙ্গত, সেমিতে হোম ও অ্যাওয়ে মিলিয়ে বাগান দল ম্যাচ খেলবে ১১ ও ২৬ এপ্রিল। এদিকে, আইপিএলের মতোই আইএসএলের ফাইনাল ম্যাচেও সাংস্কৃতিক অনুষ্ঠান হবে পারে। থাকতে পারেন অমিতাভ বচ্চন, অক্ষয় কুমাররা। গান গাইতে পারেন অভিজিৎ, সুনিধি চৌহানরা।

প্রকাশিত

সুচিকিংসা

২৬ বর্ষ • পঞ্চম সংখ্যা • ১ এপ্রিল ২০২৪

সুস্বাদু

আহারে

শরীর ফিট

- সচেতনতা অবলম্বন করে কৃত্রিম কিডনি ডিজিজ থেকে দূরে থাকা সম্ভব
- ডায়াবেটিক নেফ্রোপ্যাথি ডায়াবেটিকদের কিডনির সমস্যা
- সফলতালভের পথে দরকার সার্থক ও কার্যকরী জীবন পরিচালনা
- হাট রিপ্লেসমেন্টের কিছু সত্য ধারণা
- ইন্টারভেনশনাল কার্ডিওলজি
- স্বাস্থ্য গুণে ভরপুর মাহ
- সর্বোচ্চ প্রোটিন পাওয়া যাবে মাংসে

সুচিকিংসা

এখন অনলাইনে পড়তে পারেন কোডটি স্ক্যান করুন